# সিভাসু হল থেকে ৪ শিক্ষার্থী বহিষ্কার

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** প্রধানমন্ত্রীকে কটূক্তি এবং ধর্মীয় উস্কানিমূলক ও সাম্প্রদায়িক সম্প্রীতির পরিপন্থী বিবৃতি প্রদান করায় চট্টগ্রাম ভেটেরিনারি এ্যান্ড এ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাসু) হল থেকে চার শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলেন- ২৪তম ব্যাচের বোরহান উদ্দিন সাজ্জাদ, মোমিন বিন রহিম, তসলিম উদ্দিন ও তানভীরুল ইসলাম। সিভাসু রেজিস্ট্রার মির্জা ফারুক ইমাম স্বাক্ষরিত অফিস আদেশে বলা হয়, এই চার শিক্ষার্থী প্রধানমন্ত্রীর প্রতি কটূক্তি, ধর্মীয় উস্কানি, সাম্প্রদায়িক সম্প্রীতি ও গণতন্ত্র পরিপন্থী বিবৃতি প্রদান করেছেন, যা বিশ্ববিদ্যালয় শৃঙ্খলার পরিপন্থী। সিভাসুর আইন অনুযায়ী তাদেরকে এমএ হান্নান হল থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।